পাবনায় নকল নবীশদের মানববন্ধন

শহর প্রতিনিধি: বাংলাদেশ
এক্সাট্রো মোহরার (নকল নবীশ)
এসোসিয়শনের স্থায়ীকরণ এর দাবীতে
বৃহস্পতিবার (১২ মে) সকাল ১১ টা
হতে ১ টা পর্যন্ত জেলা
রেজিষ্ট্রিটারের কার্যালয়ের সামনে
মানববন্ধন ও বিক্ষোভ মিছিল
অনুষ্ঠিত হয়।

এসোসিয়শনের সভাপতি শিরিন আক্তারের নেতৃত্বে সভাটি পরিচালনা করেন, এসোসিয়শনের সাধারণ সম্পাদক মোঃ রফিকুল ইসলাম।

এসময় আরও উপস্থিত ছিলেন, প্রচার সম্পাদক আব্দুল আলিম এবং খাজা নাজিম উদ্দিন, মহিলা বিষয়ক সম্পাদক কামরুল নাহার, কোষাধক্ষ্য মলিনা পারভিন।

সভায় বক্তারা তাদের একদফা দাবি পূরণের জন্য সরকার পক্ষের নিকট আকুল আবেদন রাখেন।

তারা বলেন, জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের ১৯৭৩ সালের ঘোষণার বাস্তবায়ন দেখতে চান তারা। বক্তারা অভিযোগ করে বলেন, সরকারের গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত থাকা সত্তেও তাদের মূলায়ন করা হচ্ছে না।

তাদের নিয়মিত বেতন ভাতার নিশ্চিয়তা দিয়ে তাদের কাজের প্রতি আস্থা অজর্নে সরকারের একান্ত প্রদক্ষেপ প্রত্যাশা করেন তারা।